

কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৮৯. কোন মুসলমান মৃতকে গাল-মন্দ করা

'আয়িশা (রাযিয়াল্লাহু আনহা) থেকে বর্ণিত তিনি বলেন: একদা নবী (সা.) এর নিকট জনৈক মৃত ব্যক্তিকে মন্দ বলা হলে তিনি বলেন:

لاَ تَذْكُرُوْا هَلْكَاكُمْ إِلاَّ بِخَيْرِ

"তোমরা তোমাদের মৃত ব্যক্তিদেরকে একমাত্র সুনামের সাথেই স্মরণ করবে"।[1]

'আয়িশা (রাযিয়াল্লাহু আনহা) থেকে আরো বর্ণিত তিনি বলেন: নবী (সা.) ইরশাদ করেন:

لاَ تَسُبُّوا الْأَمْوَاتَ ، فَإِنَّهُمْ قَدْ أَفْضَوْا إِلَى مَا قَدَّمُوا اللَّهِ مَا قَدَّمُوا

"তোমরা তোমাদের মৃত ব্যক্তিদেরকে কখনো গালি দিও না। কারণ, তারা তো নিশ্চয়ই তাদের কৃতকর্ম নিয়েই পরকালে পাড়ি জমিয়েছে"।[2]

এমনকি মৃতদেরকে গাল-মন্দ করলে তাদের জীবিত আত্মীয়-স্বজন এবং তাদের বন্ধু-প্রিয়জনরাও কষ্ট পায়। মুগীরাহ্ বিন্ শু'বাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ تَسُبُّوا الْأُمْوَاتَ ، فَتُونُّذُوا الْأَحْيَاءَ

"তোমরা তোমাদের মৃত ব্যক্তিদেরকে কখনো গালি দিও না। কারণ, তাতে জীবিতরাও কষ্ট পায়"।[3]তবে পথভ্রষ্ট মৃত বিদ্'আতীদের সম্পর্কে সাধারণ জন সাধারণকে সতর্ক করার উদ্দেশ্যে শরীয়তের দৃষ্টিতে তাদের ভুল-ক্রুটিগুলো মানুষের সামনে সবিস্তারে ও সুস্পষ্টভাবে তুলে ধরা যেতে পারে।

ফুটনোট

- [1] (নাসায়ী, হাদীস ১৯৩৭)
- [2] (বুখারী, হাদীস ৬৫১৬ নাসায়ী, হাদীস ১৯৩৮)
- [3] (তিরমিযী, হাদীস ১৯৮২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11339



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন